তারিখ 09 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# চাটখিলে সেতুর অভাবে স্কুলে যেতে পারছে না শিক্ষার্থীরা

প্রতিনিধি, চাটখিল (নোয়াখালী)

নোয়াখালীর চাটখিল উপজেলার মধ্য পরকোট বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শত শত শিক্ষার্থী মাত্র একটি সেতুর অভাবে স্কুলে যেতে পারছে না। সেতু না থাকায় বাঁশের সাঁকো দিয়ে এ বর্ষার মৌসুমে কোমলমতি ছোট ছোট শিক্ষার্থীদের স্কুলে যাওয়া সম্ভব হচ্ছে না। সরেজমিনে গিয়ে দেখা যায়, মধ্য পরকোট গ্রামে অবস্থিত পরকোট বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অদূরে তপদার বাড়ির খালের ওপর ভাঙা চুড়া সাঁকো দিয়ে লোকজন কোনমতে চলাচল করলেও এ সাঁকো দিয়ে কোমলমতি শিক্ষার্থীরা স্কুলে যেতে পারছে না। তাই বর্ষাকালে এ এলাকার প্রায় শতাধিক শিক্ষার্থী বিদ্যালয়ে যাওয়া বন্ধ হয়ে যায়। ফলে তাদের লেখাপড়ায় মারাত্মক ব্যাঘাত ঘটছে। এলাকার অভিভাবক জফুরা খাতুন (৬৫) ও ৪র্থ শ্রেণির ছাত্র রাকিব হোসেন জানায়, এ সাঁকো দিয়ে যাতায়াত করতে গিয়ে ছোট ছোট শিক্ষার্থী ও শিক্ষকরা নিচে পড়ে অনেকবার মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে। স্থানীয় সাবেক মেম্বার ছিদ্দিক উল্যা, আবু তাহের মন্টু ও মাঈন উদ্দিন মাস্টার জানান, সাঁকোর জায়গায় একটি সেতু নির্মিত হলে শিক্ষার্থী নিয়মিত স্কুলে যাওয়ার সুযোগ পাবে। সাবেক প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলাম ও বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ইব্রাহীম খলিল জানান, সাঁকোর জায়গায় সেতু নির্মাণের জন্য উপজেলা প্রশাসন ও স্থানীয় ইউপি চেয়ারম্যানের কাছে আবেদন-নিবেদন করে কোন লাভ হয়নি। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী শেখ মাহফুজুল হোসাইনের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, সাঁকোর স্থলে সেতু নির্মাণের জন্য চেষ্টা করব।